



সোনালী ব্যাংক লিমিটেড

Sonalibank Limited

লিগ্যাল ম্যাটার্স ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

ফোনঃ-০২-২২৩৩৮০৯৬৮ (ডিজিএম), ০২-২২৩৩৯০২১৩ (এজিএম)

ই-মেইলঃ-dgmlmd@sonalibank.com.bd




শপথ মোদের মুজিব বর্ষে  
আমরা থাকবো সবার শীর্ষে

## সোনালী ব্যাংক লিমিটেড-এ প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির জন্য বিজ্ঞপ্তি।

বাংলাদেশের সকল জেলায় সোনালী ব্যাংক লিমিটেড-এ প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন আইনজীবীগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

- ১। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ২। The Bangladesh Legal Practitioners and Bar Council Order and Rules, 1972 অনুসারে বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত সনদপ্রাপ্ত আইনজীবী এবং বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক অনুমোদিত বার (আইনজীবী সমিতি) এর সদস্য হতে হবে।
- ৩। জেলা পর্যায়ে অর্থক্ষণ/দেওয়ানী ও অন্যান্য আদালতে মামলা পরিচালনায় অনূন ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- ৪। আবেদনকারীকে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী হতে হবে।
- ৫। শিক্ষা ক্ষেত্রে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।
- ৬। বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন এবং অ্যাপীলেট ডিভিশনে মামলা পরিচালনায় অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ৭। বর্তমানে ব্যাংকের প্যানেলভুক্ত আইনজীবীগণ যাদের মেয়াদ ০৭-০৩-২০২২ তারিখে ২ (দুই) বছর পূর্ণ হয়েছে, তারা পুনরায় প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির আগ্রহী হলে তাদেরকে তালিকাভুক্তির জন্য নির্ধারিত ছকে নতুনভাবে আবেদন করতে হবে।
- ৮। ব্যাংক কর্তৃক প্রণীত Key Performance Indicator (KPI) অনুযায়ী যে সকল বিদ্যমান প্যানেল আইনজীবীগণের পারফরমেন্স সন্তোষজনক বিবেচিত হবে পুনরায় প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির ক্ষেত্রে তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৯। মামলা পরিচালনা/প্রতিদ্বন্দ্বিতা ও অন্যান্য আইনগত মতামত প্রদানের জন্য প্রত্যেক প্যানেল আইনজীবী ব্যাংকের অনুমোদিত হারে 'ফি' প্রাপ্ত হবেন।
- ১০। আইনজীবীগণকে ২ (দুই) বছরের জন্য তালিকাভুক্ত করা হবে। তবে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত মেয়াদ হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১১। ঢাকা জেলার প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির জন্য আগ্রহী প্রার্থীগণ লিগ্যাল ম্যাটার্স ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা অথবা সোনালী ব্যাংক লিমিটেডের ওয়েবসাইট ([www.sonalibank.com.bd](http://www.sonalibank.com.bd)) থেকে নির্ধারিত ফরম (ছক-'ক') সংগ্রহপূর্বক আবেদন করতে পারবেন। আবেদনপত্রের সাথে (ক) জাতীয় পরিচয়পত্রের কপি (খ) সকল শিক্ষাগত যোগ্যতা (গ) পেশাগত অভিজ্ঞতা (ঘ) বাংলাদেশ বার কাউন্সিলে তালিকাভুক্তি সনদ, জেলা আইনজীবী সমিতি/সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) কপি ও (ঙ) সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করে আগামী ১৫/০৭/২০২২ তারিখের মধ্যে সরাসরি ডেপুটি জেনারেল ম্যানেজার, লিগ্যাল ম্যাটার্স ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা'য় প্রেরণ করতে হবে।
- ১২। ঢাকা জেলা ব্যতীত অন্যান্য জেলার প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির জন্য আগ্রহী প্রার্থীগণ সংশ্লিষ্ট জেলার সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস/প্রিন্সিপাল অফিস অথবা সোনালী ব্যাংক লিমিটেডের ওয়েব সাইট ([www.sonalibank.com.bd](http://www.sonalibank.com.bd)) থেকে নির্ধারিত ফরম (ছক-'খ') সংগ্রহপূর্বক আবেদন করতে পারবেন। আবেদনপত্রের সাথে ১০ নং ক্রমিকে উল্লিখিত সকল সনদপত্রের কপি ও সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করে স্ব-স্ব জেলার প্রিন্সিপাল অফিসে আগামী ১৫/০৭/২০২২ তারিখের মধ্যে দাখিল করতে হবে।
- ১৩। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১৪। ব্যাংক কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

  
(মোঃ সোলায় হুদাদ্দক)  
ডেপুটি জেনারেল ম্যানেজার